

তারিখ:24/11/2014

## বাতিল এনবিএফসি রেজিস্ট্রেশন সার্টিফিকেট অপব্যবহারের বিরুদ্ধে আরবিআই-এর সাবধানবাণী

এরকম কিছু সংস্থা/প্রতারক নজরে এসেছে যার মধ্যে কোম্পানি, অংশীদারী সংস্থা, ব্যক্তি ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে যারা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বাতিল রেজিস্ট্রেশন সার্টিফিকেট জাল করে নন ব্যাঙ্কিং আর্থিক কোম্পানি-র রূপ ধরে প্রতারণা করে। বোঝা যাচ্ছে ঐ সংস্থা/প্রতারকগণ গরীবলোকদের আকর্ষণীয় হারে ঋণ দেওয়ার অঙ্গীকার করছে এবং ঋণ/অগ্রিম-এর প্রক্রিয়াকরণ মাসুল বাবদ তাঁদের কাছ অর্থ সংগ্রহ করছে এবং পরে ওই সংগৃহিত অর্থ নিয়ে গায়েব হয়ে যায়।

এইরকম প্রতারণামূলক কর্মকান্ড/প্রস্তাবসমূহ আইনতঃ দণ্ডনীয় অপরাধ। জনসাধারণকে সাবধানতা অবলম্বন করতে এবং এইরূপ প্রতারণামূলক কর্মকান্ড/প্রস্তাবসমূহ-এর ফাঁদে না পড়তে এবং এইরূপ কোনও কর্মকান্ড নজরে এলে স্থানীয় পুলিশ-কর্তৃপক্ষকে জানাতে পরামর্শ দেওয়া হয়েছে।

লেনদেনের যথার্থতা, লাইসেন্স-এর প্রমাণপত্রাদি ও যথার্থতা বা আর্থিক প্রতিষ্ঠান হিসাবে কাজ করার জন্য যথাযথ নিয়ন্ত্রক কর্তৃপক্ষ দ্বারা রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি হয়েছে কিনা যাচাই না করে কোনও ব্যক্তি/সংস্থাকে অর্থপ্রদান বা আর্থিক অঙ্গীকার করবেন না।

সচেতন থাকুন! সুরক্ষিত থাকুন!

অল্পনা কিল্লাওয়াল  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2014-2015/1054

---